



কর্মসংস্থান ব্যাংক

প্রধান কার্যালয়

কর্মসংস্থান ব্যাংক ভবন

১, রাজউক এভিনিউ, ঢাকা।

www.kb.gov.bd

আইটি বিভাগ

“বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু”

কেবি/প্রকা/আইটি-১১(১)/২০১৭-২০১৮/৫৭৯

তারিখ : ২৪.০৬.২০১৮

সকল শাখা ব্যবস্থাপক,
সকল আঞ্চলিক ব্যবস্থাপক,
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : কর্মসংস্থান ব্যাংকের নতুন ওয়েবসাইট www.kb.gov.bd ব্যবহার বিষয়ক নির্দেশনা।

কর্মসংস্থান ব্যাংকের কার্যক্রমে বৈচিত্র আনয়ন ও ব্যাংকে তথ্য-প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণ ঘটানো এখন সময়ের দাবি। যে কোন প্রতিষ্ঠানের ওয়েবসাইট তার দর্পণ হিসেবে কাজ করে। সাধারণত প্রতিষ্ঠানের যাবতীয় প্রদর্শনযোগ্য তথ্য সর্বসাধারণের ব্যবহারের জন্য ওয়েবসাইটের মাধ্যমে উন্মুক্ত করা হয়। জনগণের দোরগোড়ায় তথ্য সেবা সহজে পৌঁছে দেয়ার উদ্দেশ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই এর উদ্যোগে সেবা সহজীকরণ এর উদ্ভাবন হিসেবে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তরসহ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ওয়েবসাইটসমূহ একক প্ল্যাটফর্মে আনয়নের যে কার্যক্রম শুরু করে কর্মসংস্থান ব্যাংক এর ওয়েবসাইট www.kb.gov.bd এখন তারই অংশ।


বর্তমানে ব্যাংকের জন্য তিনটি অফিসিয়াল ডোমেইন ব্যবহৃত হচ্ছে: ক) www.karmasangsthanbank.gov.bd খ) www.kb.gov.bd এবং গ) কেবি.বাংলা। ইতোপূর্বে শুধুমাত্র www.karmasangsthanbank.gov.bd ডোমেইনটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত ছিল এবং সকল কার্যক্রমে উক্ত ডোমেইনটি ব্যবহৃত হতো। কর্তৃপক্ষীয় সিদ্ধান্তে এখন থেকে www.kb.gov.bd ডোমেইনটি ব্যবহৃত হবে এবং অপর দুটি ডোমেইনও সচল থাকবে। কোন ব্যবহারকারী অপর দুটি ডোমেইন ব্যবহারের চেষ্টা করলে www.kb.gov.bd ডোমেইনে স্বয়ংক্রিয় ভাবে রিডাইরেক্টেড বা পুনঃনির্দেশিত হবে। বর্তমানে www.karmasangsthanbank.gov.bd ডোমেইনের বিপরীতে ব্যবহৃত সকল ইমেইলও ইতোমধ্যে www.kb.gov.bd ডোমেইনে প্রতিস্থাপিত হয়েছে যেমনঃ lad@karmasangsthanbank.gov.bd পরিবর্তিত হয়ে এখন lad@kb.gov.bd হয়েছে।

ব্যাংকের নিজস্ব ওয়েবসাইট এবং ইমেইল ব্যবহারের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো :

- ০১। ব্যাংকের সকল যোগাযোগের ক্ষেত্রে ওয়েবসাইট এড্রেস হিসেবে www.kb.gov.bd এর ব্যবহার করতে হবে।
- ০২। ব্যাংকের সকল যোগাযোগের ক্ষেত্রে ইমেইল এড্রেস হিসেবে kb.gov.bd ডোমেইনের বেজ ইমেইল এর ব্যবহার করতে হবে। উক্ত ডোমেইনের ইমেইল ব্যবহারের ঠিকানা হিসেবে mail.kb.gov.bd ব্যবহার করে ব্রাউজারে প্রবেশ করতে হবে।
- ০৩। ই-মেইল ব্যবহারের জন্য অবশ্যই শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করতে হবে। এক্ষেত্রে number, letter এবং symbol এর সমন্বয়ে Password দেয়া যেতে পারে। পাসওয়ার্ডটি একটি কাগজে লিখে খামে ভরে সিলগালা করা অবস্থায় নিয়ন্ত্রণকারী কর্মকর্তার কাছে জমা রাখতে হবে যাতে যেকোন পরিস্থিতিতে তা ব্যবহার করা যেতে পারে।
- ০৪। অপ্রয়োজনীয় এবং আনঅফিসিয়াল এডভার্টাইজিং সংক্রান্ত সকল মেইল ডিলিট করে দিতে হবে। অবশ্যই ডিলিট করা মেসেজগুলো Trash folder থেকেও ডিলিট করে দিতে হবে।
- ০৫। ই-মেইল সংক্রান্ত যেকোন পরামর্শের জন্য আইটি বিভাগের প্রিন্সিপাল অফিসার জনাব মোহাম্মাদ আরিফুজ্জামান (০১৭০৮৩৯৭০৭৫) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
- ০৬। ই-মেইল ব্যবহারের সময় Attachment বা সংযুক্তি হিসেবে সর্বোচ্চ 7MB ফাইল এটাচ করা যাবে।
- ০৭। সকল অফিসিয়াল ইমেইল এড্রেসের ঠিকানা সংযুক্ত তালিকায় প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি: বর্ণনামতে


(মোঃ আবুল কাসেম ফকির)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-কেবি/প্রকা/আইটি-১১(১)/২০১৭-২০১৮/ ৫৭৯(৬)
সদয় অবগতি ও প্রয়োজনীয়ব্য বস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ : ৫

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক বিভাগীয় কার্যালয়, সকল সহকারী মহাব্যবস্থাপক বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
- ০৬। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৭। জনসংযোগ উপ-বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৮। অফিস নথি।